# Unit - 2 বৃদ্ধি ও বিকাশ

## বৃদ্ধি (Growth):

বৃদ্ধি বলতে বোঝায়, পরিমাণগত ভাবে আকারের পরিবর্তন, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো উচ্চতা, ওজন, আয়তন, অভ্যন্তরীন যন্ত্র সমূহ (Internal organs) ইত্যাদি, শিশুর বয়সের সঙ্গে সঙ্গে অতি কৌশবকালীন মেদ, চুল, দাঁত ইত্যাদি থাকে না, পরিবর্তে নতুন বৈশিষ্ট্য যেমন মুখমন্ডলে গোঁফ, দাড়ি ইত্যাদি দেখা যায়, উপযুক্ত পরিনমন ঘটলে দ্বিতীয়বার দাঁত, প্রাথমিক এবং গৌন লিঙ্গগত বৈশিষ্ট্য দেখা যায়, একইভাবে ব্যক্তির সবদিকে পরিবর্তন দেখা যায়, শৈশব ও বাল্যকালে দেহের উচ্চতা এবং ওজন ক্রমশ অধিক হয় এবং পেশিগুলি সবল হয়, এই ধরনের পরিবর্তনকে বৃদ্ধি বলে।

**সংজ্ঞা:** Arnold Jones এর মতে, দেহের উচ্চতা ও ওজন বেড়ে যাওয়াকে বৃদ্ধি বলে, ~~যেমন: শিশুর উচ্চ~~

**যেমন:** শিশুর উচ্চতা বৃদ্ধি, ওজন বৃদ্ধি, হাতের দৈর্ঘ্য বৃদ্ধি, ইত্যাদি। এখানে উল্লেখ্য শিক্ষা ও মনস্তত্ত্বে বৃদ্ধির ধারনা শুধুমাত্র আকার ও আয়তনে বেড়ে ওঠা নয়, পরিনমনও (maturation) এর অন্তর্ভুক্ত।

বর্তমানে বৃদ্ধিকে আরও বিজ্ঞানসম্মতভাবে ব্যাখ্যা করা হয়েছে, বৃদ্ধি হল ধারাবাহিকভাবে অগ্রগতিমূলক পরিবর্তন বা নির্দিষ্ট দিক বা অভিমুখ আছে, এই অভিমুখ হল এগিয়ে যাওয়া, পিছিয়ে যাওয়া নয়,

## বৈশিষ্ট্য (General characteristics of growth):

বৃদ্ধির সাধারন বৈশিষ্ট্য গুলি হল:

1. **বংশধারা ও পরিবেশের মিথস্ক্রিয়ার ফলে বৃদ্ধি ঘটে:** অনেক মনোবিদ বলেন যে, বৃদ্ধির উপর বংশধারার প্রভাব অনেক, আবার অনেকে মনে করেন, বৃদ্ধি বংশধারা ও পরিবেশের মিথস্ক্রিয়ার ফল,

2. **বিভিন্ন বয়সে বৃদ্ধির হার বিভিন্ন** : H. V. Meredith বৃদ্ধির হারের উপর লক্ষ অধ্যয়ন করেছেন, সেই অধ্যয়নের মাধ্যমে তিনি দেখেছেন বিভিন্ন বয়সে বৃদ্ধির হার বিভিন্ন।

a. জন্ম থেকে আড়াই বছর পর্যন্ত বৃদ্ধির হার খুব বেশি

b. আড়াই বছর থেকে বয়ঃসন্ধিক্ষণের 2 বছর পূর্ব পর্যন্ত বৃদ্ধির হার হ্রাস পায়,

c. বয়ঃসন্ধিক্ষণের কিছু পূর্ব থেকে বৃদ্ধির হার পুনরায় দ্রুত হারে ঘটে,

d. বয়ঃসন্ধিক্ষণের পরে ধারাবাহিক ভাবে বৃদ্ধির হার হ্রাস পায়,

3. **বৃদ্ধি ও অনুশীলন** : বৃদ্ধির উপর অনুশীলনের প্রভাব সম্পর্কিত একাধিক পরীক্ষা হয়েছে এবং ধনাত্মক প্রভাবের প্রমান পাওয়া গেছে (Hilldard 1932, Brunner 1963), উপযুক্ত বৃদ্ধির জন্য শিক্ষকগণ বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে শিক্ষার্থীদের অনুশীলনের ব্যবস্থা করবেন,

4. **শিশুদের মধ্যে বৃদ্ধির হারের পার্থক্য দেখা যায়** : কিছু শিশু দ্রুত গতিতে বৃদ্ধি পায় এবং কোনো কোনো শিশুর বৃদ্ধি ধীর গতিতে হয়, শিক্ষক শিক্ষার্থীর বৃদ্ধির হারের সঙ্গে সামঞ্জস্য রেখে ~~শিক্ষক~~ শিক্ষার্থীর শিক্ষা পরিকল্পনা রচনা করবেন,

5. **ব্যক্তিভেদে বৃদ্ধির সমাহার সাধারনভাবে বজায় থাকে** : যে শিশু বৃদ্ধির ক্ষেত্রে অন্যদের থেকে এগিয়ে থাকে, সারাজীবনই সে এগিয়ে থাকে, শিক্ষার্থীর জন্য বিভিন্ন ধরনের শিক্ষা কর্মসূচী পরিকল্পনায় বৃদ্ধির এই বৈশিষ্ট্যের উপর শিক্ষক গুরুত্ব দেবেন, সকলের জন্য একই কর্মসূচী সুপারিশ করা শিক্ষা মনোবিদ্যা সম্মত নয়,

6. **একটি স্তর পর্যন্ত বৃদ্ধি নিরবিচ্ছিন্ন এবং ধারাবাহিক** : বৃদ্ধির ক্ষেত্রে এই বৈশিষ্ট্যটি খুবই গুরুত্বপূর্ন, আবার একই সঙ্গে বিভ্রান্তিজনক, শিশুর বৃদ্ধি নিরবিচ্ছিন্ন ভাবে ঘটে, বয়স ভেদে বৃদ্ধির হারের পরিবর্তন ঘটতে পারে, কিন্তু কোনো বয়সে থেমে গিয়ে

Scanned with CamScanner

আবার শুরু হয় - এমনটি ঘটে না, তাই বৃদ্ধির ক্ষেত্রে নিরবিচ্ছিন্ন ও ধারাবাহিকতা একটি অন্যতম শর্ত,

## বিকাশ (Devlopment) :

বিকাশ বলতে, শিশুর গুনগত পরিবর্তনকে বোঝায়, যা বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে চলে, বিকাশ হল নিয়ম অনুযায়ী সুষম এবং ক্রমোন্নত পরিবর্তন, ক্রমোন্নত বলতে বোঝায়, ইতিবাচক একমুখী পরিবর্তন, অর্থাৎ সর্বদা এগিয়ে যাওয়া, পিছিয়ে যাওয়া নয়, বিকাশগত পরিবর্তন জন্ম থেকে আরম্ভ হয়,

## সংজ্ঞা (Defination of Development) :

★ বিকাশ হল, ব্যক্তির কাঠামোগত এবং কর্মসম্পাদনমূলক পরিবর্তন, যার কারন হল শিশু এবং তার পরিবেশের সঙ্গে মিথোস্ক্রিয়া.

★★ Breckenridge and Vincent এর মতে, " Devlopment can be defined as the emarging and Expanding capacities of the Individual for provide prograssively ~~grater~~ greater facility in functioning".

অর্থাৎ ব্যক্তির কর্মসম্পাদনের উৎকর্ষতা ক্রমশ উন্নত করার জন্য ব্যক্তির মধ্যে যে ক্ষমতার আবির্ভাব এবং সম্প্রসারন ঘটে তাকে বলে বিকাশ.

## বৈশিষ্ট্য (General characteristic of Devlopment) :

a. **শিখনের ফলে বিকাশ** : Bayer এর মতে, আচরনের পরিবর্তন বা শিখনের ফলে বিকাশ ঘটে,

b. **বিকাশ হল সংশ্লেষন** : Piazet (পিয়াজে) এর মতে,

i) পরিনমন

ii) অভিজ্ঞতা

iii) মানসিক যোগাযোগ (ভাষার মাধ্যমে শিখন, বিদ্যালয়ে শিক্ষা বা

ii) পিতামাতার প্রশিক্ষন) এবং
iii) ভারসাম্যকরন

c. <u>বিকাশ একটি নিরবিচ্ছিন্ন প্রক্রিয়া</u>: জন্ম থেকে আমৃত্যু পর্যন্ত বিকাশ সংগঠিত হয়, তাই এটি নিরবিচ্ছিন্ন,

d. <u>ব্যক্তির বিভিন্ন বিকাশ পারস্পরিক সম্পর্কযুক্ত</u>: দৈহিক, সামাজিক, মানসিক, প্রাক্ষোভিক প্রভৃতি

e. <u>বিকাশ সামগ্রিক দিক থেকে বিশেষের দিকে ঘটে</u>: প্রতিটি বিকাশ-ই সামগ্রিক থেকে বিশেষের দিকে ঘটে,
<u>যেমন</u>: প্রতিটি শিশু কোনো কিছু যখন ধরার চেষ্টা করে তখন সমস্ত হাতকেই সে ব্যবহার করে, কিন্তু অবশেষে ২টি বা ৩টি আঙুল-এর প্রয়োগ ঘটায়,

f. <u>বিকাশে লিঙ্গগত পার্থক্য দেখা যায়</u>: স্ত্রী এবং পুরুষ এর মধ্যে লিঙ্গগত পার্থক্য দেখা যায়, কিন্তু পুরুষের থেকে মহিলাদের বিকাশ খুব দ্রুত হারে বৃদ্ধি ঘটে,

g. <u>বিকাশের নীতি</u>: i) মিথস্ক্রিয়ার ফল,
ii) ধারাবাহিকতা মেনে চলে,
iii) বংশগতি ও পরিবেশের মিথস্ক্রিয়ার ফলে বিকাশ ঘটে,
iv) বিকাশ পরস্পর সম্পর্কযুক্ত,
v) ভবিষ্যৎ বাণীর নীতি,
vi) সরল রৈখিক বনাম স্পাইরাল নীতি,
vii) বিকাশ একটি ব্যক্তিগত প্রক্রিয়া,

এছাড়াও বিভিন্ন মনোবিদগন বিকাশের বিভিন্ন বৈশিষ্ট্যগুলি উল্লেখ করেছেন, সেগুলি নিম্নরূপ—
i) অবিচ্ছিন্নতা
ii) পরিবর্তনশীলতা

Scanned with CamScanner

iii) সামঞ্জস্যতা
iv) সাধারন দিক থেকে বিশেষের দিকে অগ্রসর হওয়া,
v) জটিলতা
vi) ঐক্য
vii) স্বাতন্ত্র্য
ix) বংশগতি ও পরিবেশের প্রভাব

| বৃদ্ধি | বিকাশ |
|---|---|
| i) আকার ও আয়তনে বেড়ে যাওয়া কে বৃদ্ধি বলে, | i) আকার ও আয়তনে বৃদ্ধির সঙ্গে সক্রিয়তা এবং কার্যসম্পাদনের উৎকর্ষতা বিকাশের অন্যতম বৈশিষ্ট্য |
| ii) বৃদ্ধি হল কারন, | ii) বিকাশ হল ফল, |
| iii) বৃদ্ধির ধারনা কেবল দৈহিক বা শারিরীক দিকেই সীমাবদ্ধ, | iii) বিকাশ হল সর্বাঙ্গীন, যেমন: দৈহিক, মানসিক, সামাজিক ও প্রাক্ষোভিক, |
| iv) বৃদ্ধি হল স্বতঃস্ফূর্ত, তবে অনুশীলনে এর প্রভাব দেখা যায়. | iv) পরিবেশের মিথস্ক্রিয়ার মধ্যেই ঘটে যা সক্রিয় এবং অনুশীলনের সঙ্গে যুক্ত, |
| v) এটি নির্দিষ্ট বয়স পর্যন্ত ঘটে, | v) বিকাশ আমৃত্যু চলতে থাকে, |
| vi) বৃদ্ধি পরিমাপযোগ্য, | vi) বিকাশ পর্যবেক্ষন সাপেক্ষ, |
| vii) বৃদ্ধি পারিমাণগত, | vii) বিকাশ গুনগত, |
| viii) শিক্ষা বৃদ্ধির পরিমাপকে প্রভাবিত করলেও তা বাঞ্ছিত কিনা সে ব্যাপারে মনোবিদদের মধ্যে মতভেদ রয়েছে, | viii) শিক্ষার অন্যতম লক্ষ্য হল ব্যক্তির পূর্ন বিকাশ, |

Scanned with CamScanner